مؤسسة وكالات الحج البنغلاديشية
হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)
HAJJ AGENCIES ASSOCIATION OF BANGLADESH (HAAB)

Ref : হাব/সার্কুলার/হজ্জ প্যাকেজ-২০১৫/২০১৪/৪৫৩

Date : ১৫.ডিসেম্বর.২০১৪.ইং...

# প্রেস বিজ্ঞপ্তি

বিষয় ঃ **২০১৫ ইং সালে বেসরকারী ব্যবস্থাপনায় হজ্জ এজেন্সীর মাধ্যমে গমণেচ্ছু হজ্জযাত্রীদের জন্য প্যাকেজ ঘোষনা।**

চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২২ সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ/ ৯ যিলহজ্জ ১৪৩৬ হিজরী সনের পবিত্র হজ্জ অনুষ্ঠিত হবে। বেসরকারি ব্যবস্থাপনায় হজ্জ এজেন্সীর মাধ্যমে গমণেচ্ছু হজ্জযাত্রীদের জন্য কোরবানী বাদে নির্ধারণকৃত হজ্জ প্যাকেজ মূল্য বাবদ জনপ্রতি মোট ২,৯৬,২০৬.০০ (দুই লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত ছয়) টাকা মাত্র এর বিভাজন নিম্নরূপঃ

| ক্রঃ নং | ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ০১। | **বিমান ভাড়া ঃ** ক) বিমান ভাড়া (নীট) মার্কিন ডলার ১৫২৫ (১৫২৫ X৭৭.১০) | ১,১৭,৫৭৭.৫০ |
| | খ) জেদ্দা ডিপারচার ট্যাক্স সৌদি রিয়াল ৫০ (৫০ X ২১.০০) | ১,০৫০.০০ |
| | গ) এম্বারকেশন ফি | ৫০০.০০ |
| | ঘ) এক্সাইজ ডিউটি | ৫০০.০০ |
| | ঙ) হজ্জ টার্মিনাল সার্ভিস চার্জ সৌঃ রিঃ ৩০ (৩০X২১.০০) | ৬৩০.০০ |
| | মোট = | ১,২০,২৫৭.৫০ |
| ০২। | **স্থানীয় সার্ভিস চার্জ ঃ** আইডি কার্ড, কব্জিবেল্ট, কিটব্যাগ, হজ্জ ও ওমরাহ সংক্রান্ত পুস্তিকা, আই.টি সার্ভিস, হজ্জ ক্যাম্পে আবাসন ও প্রচারণাসহ হজ্জযাত্রীদের সেবা (সরকারী বিবিধ ফান্ডে) | ৮০০.০০ |
| ০৩। | **আপাৎকালীন ফান্ড ঃ** (সরকারী বিবিধ ফান্ডে) | ২০০.০০ |
| ০৪। | **প্রশিক্ষণ ফি ঃ** (সরকারী বিবিধ ফান্ডে) | ৩০০.০০ |
| ০৫। | **মোয়াল্লেম ফিঃ** মিনা-আরাফা-এ তাঁবু ভাড়া এবং জেদ্দা-মক্কা-মদীনা ও আল-মাশায়েরে যাতায়াত ও পরিবহন ফি, সার্ভিস চার্জ, জম জমের পানি ইত্যাদি সৌঃ রিঃ ১১০৪(১১০৪X২১.০০) | ২৩,১৮৪.০০ |
| ০৬। | **ট্রেন ভাড়াঃ** মিনা-আরাফা ও আরাফা-মুজদালিফা-জামারা ট্রেন ভাড়া সৌঃ রিঃ ২৫০(২৫০X২১.০০) | ৫,২৫০.০০ |
| ০৭। | **অতিরিক্ত সার্ভিস চার্জ ঃ** সৌদি আরবে মোয়াল্লেম এবং মোয়াচ্ছাছাকে প্রদেয় অতিরিক্ত সার্ভিস চার্জ সৌদি রিয়াল ৯৩৫ (৯৩৫ X ২১.০০) | ১৯,৬৩৫.০০ |
| ০৮। | **মক্কা ও মদিনার বাড়ী ভাড়া ঃ** মক্কা ও মদিনা শরীফে হজ্জযাত্রী প্রতি সৌদি সরকার কর্তৃক নির্ধারিত আয়তনের বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ সৌঃ রিঃ (৩০০০+৫০০+৫০০+৪০) = (৪০৪০X২১.০০) | ৮৪,৮৪০.০০ |
| ০৯। | **খাওয়া খরচ ঃ** রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক সৌদি আরবস্থ ক্যাটারিং কোম্পানীর মাধ্যমে দৈনিক তিন বেলা খাবার সরবরাহ করা হবে। দৈনিক তিন বেলা ৪০.০০ সৌঃ রিঃ হারে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) দিনের খাওয়া খরচ বাবদ (৪০X৪০)=১৬০০ সৌঃ রিঃ (১৬০০X২১.০০) | ৩৩,৬০০.০০ |
| ১০। | **ব্যাগঃ** ৫৬ সেঃমিঃ X ২৫সেঃমিঃ X ৪৫ সেঃমিঃ আয়তনের ও একই রং এর ব্যাগ সরবরাহ বাবদ সম্ভাব্য ব্যয় | ১৭০০.০০ |
| ১১। | **হজ্জ গাইড বাবদ ব্যয় ঃ** প্রতি ৪৫ জন হজ্জযাত্রীর জন্য ১ জন হজ্জ গাইড হিসেবে (সরকারী নির্দেশ অনুযায়ী) | ৬,৪৩৯.৫০ |
| | সর্বমোট (১+২+৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১) = | ২,৯৬,২০৬.০০ |

(সর্বমোট দুই লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত ছয় টাকা মাত্র)।

সাত্তারা সেন্টার (১৬তম তলা, হোটেল ভিক্টরী লিঃ), ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ
Sattara Centre (15th Floor, Hotel Victory Ltd.) 30/A, Nayapaltan, VIP Road, Dhaka-1000, Bangladesh
Phone : 8357030, 9338867, 9338868, Fax : 88-02-9338526, E-mail : haab01@yahoo.com, Website : www.haab-bd.com

Ref : Date : ....................

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# হজ্জ ২০১৫ সালের (১৪৩৬ হিঃ) বেসরকারী "হজ্জ প্যাকেজ" মূল্য ঘোষনা সম্পকির্ত প্রেস ব্রিফিং/সংবাদ সম্মেলন।

**তারিখ ঃ ১৫ ডিসেম্বর ২০১৪ ইং রোজ সোমবার সকাল ১০:৩০ ঘটিকা**

**স্থান ঃ কনফারেন্স হল, হোটেল ভিক্টরী, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।**

প্রিয় গণমাধ্যম কর্মী ভাই ও বোনেরা,

আচ্ছালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

আজকের এই সংবাদ সম্মেলনে উপস্থিত হওয়ার জন্য 'হাব' এর পক্ষ থেকে সকল গণমাধ্যম সদস্যকে জানাচ্ছি আমার আন্তরিক অভিনন্দন, ধন্যবাদ ও মোবারকবাদ। অদ্য ১৫/১২/২০১৪ইং বেসরকারী হজ্জ ব্যবস্থাপনায় হজ্জ প্যাকেজ মূল্য ঘোষনাসহ গৃহীত অন্যান্য পদক্ষেপ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি, বিশেষ করে বেসরকারী ব্যবস্থাপনায় গমণেচ্ছুক সম্মানিত হজ্জযাত্রীদের অবহিত করার লক্ষ্যে আজকের এই সংবাদ সম্মেলন। আপনাদের বহুল প্রচারিত গণমাধ্যমে প্রচারের উদ্দেশ্যে হাব কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ আপনাদের মাধ্যমে সম্মানিত হজ্জযাত্রী ও সরকারের নিকট উপস্থাপন করছি ঃ-

১। ২০১৫ সনের (১৪৩৬ হিঃ) বেসরকারী ব্যবস্থাপনায় পরিচালিত হজ্জযাত্রীদের হজ্জ প্যাকেজ মূল্য সর্বনিম্ন প্যাকেজ (কোরবানী ব্যতিত) ২,৯৬,২০৬/= টাকা নির্ধারন করা হয়েছে।

২। চাঁদ দেখা সাপেক্ষে এ বৎসর হজ্জ অনুষ্ঠিত হবে ২২ সেপ্টেম্বর ২০১৫ (৯ই জিলহজ্ ১৪৩৬ হিঃ)।

৩। এ বৎসর সর্বমোট ১০১,৭৫৮ জন হজ্জযাত্রী হজ্জব্রত পালন করবেন। যার মধ্যে সরকারী ১০,০০০ জন এবং বেসরকারী ৯১,৭৫৮ জন।

৪। হজ্জের টাকা সরাসরি সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীকে অথবা এজেন্ট এর মনোনীত ব্যাংক হিসাবে জমা করে মানি রিসিপ্ট সংগ্রহ করা বাধ্যতামুলক।

৫। ১৫ই ডিসেম্বর ২০১৪ইং হতে ৫ই ফেব্রুয়ারী ২০১৫ ইং এর মধ্যে রেজিষ্ট্রেশন ফি জমা দিয়ে রেজিষ্ট্রেশন করতে হবে।

৬। রেজিষ্ট্রেশন এর আবেদন ফরম হজ্জ এজেন্সী ও মনোনীত ব্যাংক সমূহে পাওয়া যাবে।

৭। বিগত ৫ বৎসরের মধ্যে যে সমস্ত হজ্জযাত্রী হজ্জ করেছেন, তারা এ বৎসর হজ্জে যেতে পারবেন না। তবে মহিলা হজ্জযাত্রীদের মাহরমের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।

৮। সকল হজ্জযাত্রীকে হজ্জের সমুদয় অর্থ (কিস্তি প্রযোজ্য) ১০/০৬/২০১৫ইং তারিখের মধ্যে পরিশোধ করতে হবে। সরকারের নীতিমালা অনুযায়ী উক্ত তারিখের পরে কোন অবস্থাতেই হজ্জের অন্যান্য খরচের টাকা জমা নেয়া হবে না।

৯। টাকা জমা দেয়ার নির্দিষ্ট সময় অর্থাৎ ১০/০৬/২০১৫ তারিখের পরবর্তী ৩ কর্ম দিবসের মধ্যে হজ্জযাত্রীদের টাকা প্রাপ্তির প্রমান স্বরুপ সংশ্লিষ্ট এজেন্সীর ব্যাংক ষ্টেটমেন্ট হাব এ জমা দিতে হবে। উক্ত ষ্টেটমেন্ট জমা দিতে ব্যর্থ হলে হাব থেকে সংশ্লিষ্ট এজেন্সীর মোয়াল্লেম ফি সার্টিফিকেট/ডি.ও প্রদানের সুপারিশ করা সম্ভব হবে না।

১০। ২০১৫ সনে হজ্জে গমণেচ্ছু হজ্জযাত্রীগণ যেন ফড়িয়া-দালাল/মধ্যস্বত্বভোগীদের নিকটে কোন হজ্জের টাকা জমা না দেন। এর ব্যত্যয় হলে হজ্জে যাওয়া অনিশ্চিত হয়ে যেতে পারে, যার দায়িত্ব এজেন্সী, হাব বা সরকার কেউই নেবে না। আরো উল্লেখ্য যে, সরকার/হাব ঘোষিত সর্বনিম্ন প্যাকেজের কম টাকায় কোন হজ্জযাত্রী হজ্জে গেলে সেই সমস্ত হজ্জযাত্রীরা প্রতারিত হতে পারেন এবং ঠিকভাবে হজ্জের আরকান-আহকামগুলো প্রতিপালন করার ক্ষেত্রে অনিশ্চয়তার ঝুকি থাকবে। মানসম্মত বাড়ী এবং খাওয়াসহ যাবতীয় খরচের সর্বনিম্ন মূল্যের কমে কাহারও সাথে চুক্তিবদ্ধ হবেন না

চলমান পাতা-২

Ref : Date : ..............................

১১। বৈদেশিক মুদ্রার মূল্যমানে তারতম্য হেতু (ডলার ৭৭.১০ টাকা/সৌঃ রিঃ ২১.০০) প্যাকেজ মূল্যের তারতম্য হতে পারে অর্থাৎ প্যাকেজ মূল্য কমবেশী হতে পারে।

১২। ২ কিঃ মিঃ এর অধিক দূরত্বে যে সকল হজ্জযাত্রীর আবাসনের ব্যবস্থা করা হবে, তাঁদের জন্য সংশ্লিষ্ট হজ্জ এজেন্ট কর্তৃক হারাম শরীফে যাতায়াতের জন্য যানবাহনের ব্যবস্থা করা হবে।

১৩। সৌদি আরবের নির্দেশনা অনুযায়ী ১% অতিরিক্ত বাড়ী ভাড়া করা ব্যাধ্যতামূলক বিধায় মোট বাড়ী ভাড়া খরচের সাথে ১% খরচ ধার্য করা হয়েছে।

১৪। সিটি চেকইন:- এই বৎসর কোন হজ্জযাত্রী নিজের লাগেজ নিজে এয়ারপোর্ট নিতে হবে না। মক্কা ও মদীনায় এয়ার লাইন্স কর্তৃক নিয়োগকৃত এজেন্ট লাগেজ সংগ্রহ করে এয়ারপোর্ট নিয়ে যাবেন।

১৫। এয়ারলাইন্সের ফিরতি ফ্লাইটের সময়সীমা সর্বোচ্চ ৪০ দিন ধার্য্য করে খাওয়া খরচ নির্ধারন করা হয়েছে। এক্ষেত্রে প্যাকেজ এর সময়সীমা বেড়ে গেলে দিবস অনুযায়ী অতিরিক্ত খাওয়া খরচ প্রদান করতে হবে।

১৬। সকল হজ্জযাত্রীকে শুধুমাত্র প্রাথমিক চিকিৎসাদানের ব্যবস্থা করা হবে। এ ক্ষেত্রে ক্রনিক ডিজিজে আক্রান্ত (যথা ঃ ডায়াবেটিস, আমাশয়, পেটের পীড়া, রক্তচাপ ইত্যাদি) রোগের জন্য সংশ্লিষ্ট হজ্জযাত্রীগণকে প্রয়োজনীয় ঔষধ সঙ্গে নিয়ে যেতে হবে। প্রেসক্রিপশন সাথে রাখা বাধ্যতামূলক।

১৭। কোন হজ্জযাত্রী দূর্ঘটনাজনিত কিংবা স্বাভাবিক কারনে মৃত্যুবরন করলে তাঁর মৃতদেহ মক্কা/মদিনায় সমাহিত করা হবে। উল্লেখ্য যে, মৃত হজ্জযাত্রীর মরদেহ দেশে **ফেরত না আনার ব্যাপারে** সৌদি সরকারের বাধ্যবাধকতা থাকায় এ ব্যাপারে হজ্জ এজেন্টদেরকে অহেতুক চাপ প্রয়োগ করা যাবে না। তবে সংশ্লিষ্ট হজ্জযাত্রীর মরদেহ দাফনের ব্যাপারে তাঁদের আত্মীয় স্বজনকে সর্বাত্মক সহযোগিতা করা হবে।

১৮। কোন সম্মানিত হজ্জযাত্রীর পুলিশ ক্লিয়ারেন্স সময়মত পাওয়া না গেলে সংশ্লিষ্ট হজ্জযাত্রীর নিজ দায়িত্বেই পুলিশ ক্লিয়ারেন্স করাতে হবে। পুলিশ ক্লিয়ারেন্স না হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট এজেন্ট বহন করবেন না।

১৯। হজ্জযাত্রীর যাবতীয় তথ্য সংরক্ষন ও সরবরাহ ইন্টারনেটের মাধ্যমে আদান প্রদানের ব্যবস্থা থাকবে। প্রয়োজনে www.hajj.gov.bd অথবা www.haab-bd.com ওয়েবসাইটের মাধ্যমে সংগ্রহ করা যাবে।

২০। প্রত্যেক হজ্জযাত্রীকে স্বাস্থ্য পরীক্ষা (মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জার টিকা গ্রহন করত:) সনদ সংগ্রহ করে সংশ্লিষ্ট এজেন্টের নিকটে জমা দিতে হবে।

২১। কোরবানী খরচ বাবদ প্রত্যেক হজ্জযাত্রীকে কমপক্ষে ৪৫০.০০ সৌদি রিয়াল এবং ব্যক্তিগত খরচসহ অন্যান্য খরচের জন্য ৫০০.০০ মার্কিন ডলারের সমপরিমান সৌদি রিয়াল সঙ্গে নেয়ার পরামর্শ দেয়া হলো।

২২। শরিয়ত সম্মত বৈধ মাহরম ব্যতিত কোন মহিলা হজ্জযাত্রী এককভাবে হজ্জে যেতে পারবেন না।

২৩। সৌদি আরবে ব্যাংক হিসাব খোলা : এই বৎসর হজ্জের বাড়ী ভাড়া, ক্যাটারিং-এ খাওয়ার টাকা মোয়াল্লেম খরচসহ যাবতীয় খরচের টাকা বাধ্যতামুলক ভাবে ব্যাংক হিসাবে জমা করতে হবে যা চেকের মাধ্যমে ঐ একাউন্ট হতে নির্বাহ করা হবে।

প্রিয় সাংবাদিক ভাই ও বোনেরা,

উপরোক্ত বক্তব্যের আলোকে ও বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে বিগত ০৯/১২/২০১৪ইং তারিখের জরুরী কার্যনির্বাহী পরিষদের সভায় উপস্থিত সকল সদস্যের সর্বসম্মতিক্রমে সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনার লক্ষ্যে আপনাদের মাধ্যমে বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নিকটে নিম্নলিখিত দাবীসমূহ আশু বাস্তবায়নের লক্ষ্যে উপস্থাপন করছি ঃ-

চলমান পাতা-৩

সাত্তারা সেন্টার (১৬তম তলা, হোটেল ভিক্টরী লিঃ), ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ
Sattara Centre (15th Floor, Hotel Victory Ltd.) 30/A, Nayapaltan, VIP Road, Dhaka-1000, Bangladesh
Phone : 8357030, 9338867, 9338868, Fax : 88-02-9338526, E-mail : haab01@yahoo.com, Website : www.haab-bd.com

১। হজ্জযাত্রীদের রেজিস্ট্রেশন এর সময় শুধুমাত্র মোয়াল্লেম ফি বাবদ ৩০,০০০/= টাকা জমা নিয়ে রেজিস্ট্রেশন করার জন্য আপনাদের মাধ্যমে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় তথা মাননীয় প্রধানমন্ত্রীর কাছে বিনীত আবেদন জানাচ্ছি। কারণ টিকেটের মূল্য ১,২০,০০০/= টাকা এ মুহুর্তে পরিশোধ করতে গেলে অহেতুক হজ্জযাত্রীগণ মানসিক চাপে থাকবেন। আর্থিক সংগতি ও হঠাৎ একত্রে এই পরিমান টাকা যোগাড় করতে না পেরে অনেক হজ্জযাত্রী হজ্জে না যাওয়ার সিদ্ধান্ত নেবে। এই স্পর্শকাতর বিষয়ে ধর্মীয় অনুভুতির কথা চিন্তা করে রেজিস্ট্রেশনের ৩০,০০০/= পরিশোধের পর যে টাকা বাকী থাকবে তাহা মাসিক কিস্তিতে (৬টি কিস্তিতে) পরিশোধের সুযোগ দেয়া হলে হজ্জের ৩ মাস পূর্বেই পুরো টাকা শোধ হবে। তাতে টিকেট এর অনিশ্চয়তা কেটে যাবে।

২। হজ্জযাত্রী পরিবহনে আগ্রহী বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ও সৌদি এয়ারলাইন্সসহ মধ্যপ্রাচ্যভিত্তিক সকল এয়ারলাইন্সকে হজ্জযাত্রী পরিবহনের জন্য উম্মুক্ত করে দেয়া, যাতে করে সম্মানিত হজ্জযাত্রীগণ তাঁদের পছন্দের পরিবহনে হজ্জে যেতে পারেন। এছাড়াও নিম্নমানের এয়ারক্রাফট চার্টার করে ঝুকিপূর্ণ এয়ারক্রাফট-এ যেন হজ্জযাত্রী পরিবহন না করা হয়।

৩। ১৪৩৬ হিজরী সনের রমজানের পূর্বে ফ্লাইট সিডিউল ঘোষনা করার জন্য অনুরোধ করছি।

৪। ২০১৫ সালের হজ্জ মৌসুমে বিমানের প্যাকেজ সর্বোচ্চ ৪০ দিনের জন্য নির্ধারন করার অনুরোধ করছি।

৫। অনভিজ্ঞতা ও অনিচ্ছাকৃত ভুলের জন্য যেসকল এজেন্সী অভিযুক্ত হয়েছে তাদেরকে সাধারন ক্ষমার আওতায় এনে অব্যাহতি দানের জন্য বিনীত ভাবে আবেদন জানাচ্ছি।

৬। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে গচ্ছিত হজ্জ এজেন্সীগুলোর পাওনা প্রায় ১০.০০ কোটি টাকা ফেরত প্রদানের পদক্ষেপ নেয়ার জন্য আপনাদের মাধ্যমে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিকটে অনুরোধ জানাচ্ছি। এছাড়া ২০১০, ২০১১, ২০১২ সালের মোয়াল্লেম ফি সহ অন্যান্য পাওনা দ্রুততম সময়ে পাওয়ার ব্যবস্থা করার অনুরোধ জানাচ্ছি।

৭। মৃত্যু, দূর্ঘটনা ও যৌক্তিক কারনে কোন হজ্জযাত্রী এ বৎসরের হজ্জে যেতে ব্যর্থ হলে তার স্থলে অন্য হজ্জযাত্রী প্রতিস্থাপন করে (Replacement) সংশ্লিষ্ট হজ্জযাত্রী/তার উত্তরাধিকারীকে ক্ষতির হাত হতে রেহাই দেয়ার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় যেন যথাযথ নির্দেশ জারী করেন সে ব্যাপারে বিনীত অনুরোধ করছি।

৮। ২০১৫ হজ্জ মৌসুমে প্রত্যেক হজ্জ এজেন্সীকে ১টি এবং ২০০ জনের অধিক হজ্জযাত্রীর জন্য ২টি বারকোড দেয়ার পূর্বের নিয়ম পূণর্বহাল করার জোর দাবী জানাচ্ছি।

৯। সিলেট-চট্টগ্রামে সমান ভাড়া নিশ্চিত করত: আরো বেশী সরাসরি ফ্লাইটের ব্যবস্থা করে হজ্জযাত্রীদের অসুবিধা দূর করার অনুরোধ করছি।

১০। ক্যাটারিং সার্ভিস বাধ্যতামূলক না করে রান্না করে খাবার পরিবেশন করার সুযোগ করে দেয়ার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

**সম্মানিত সাংবাদিক ভাই ও বোনেরা !**

আপনারা অনেক কষ্ট ও মূল্যবান সময় নষ্ট করে জাতির বৃহত্তর স্বার্থে আল্লার মেহমান হজ্জযাত্রীদের কল্যানে আমাদের আমন্ত্রণ গ্রহন করে এখানে এসেছেন, সেজন্য আপনাদের সকলকে জানাচ্ছি অসংখ্য ধন্যবাদ। আমরা আশা করছি যে, আপনারা আপনাদের বহুল প্রচারিত ও জনপ্রিয় মিডিয়াসমূহে/গণমাধ্যমসমূহে আমাদের বক্তব্যগুলো প্রচার করে ধর্মপ্রাণ সম্মানিত হজ্জযাত্রীদের কল্যাণে সহযোগিতার হাত সম্প্রসারিত করবেন।

আল্লাহ্ আমাদের সকলের সহায় হোন।

আল্লাহ্ হাফেজ ॥

মোহাম্মদ ইব্রাহিম বাহার
সভাপতি, হাব।